স্থানীয় সরকার উন্নয়নে বৈশ্বিক সহযোগিতা চাইলেন মির্জা ফখরুল



ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে আরও কার্যকর করতে আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানোর আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, কর্মসংস্থান, শিল্পায়ন ও জলবায়ুর প্রভাব মোকাবিলায় বৈশ্বিক অংশীদারিত্ব জরুরি।

মঙ্গলবার সচিবালয়ে আন্তর্জাতিক শ্রম সংস্থা–এর বাংলাদেশ প্রধানের সঙ্গে বৈঠকে পরিচ্ছন্নতাকর্মীদের জীবনমান উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, নিরাপদ কর্মপরিবেশ ও আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হয়।

এদিকে চীনের একটি নির্মাণ প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে পৃথক বৈঠকে নিরাপদ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা এবং নগর অবকাঠামো উন্নয়নে যৌথ উদ্যোগের বিষয় গুরুত্ব পায়। বৈঠকে স্থানীয় সরকার বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

LENS ASIA